120

দৈনিক ইনকিলাব

তারিখ ... 28 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

# ঢাকা ভার্সিটির ডীন নির্বাচনে সাদা দল ৪টি ও নীল দল ৩টি অনুষদে জয়ী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭টি অনুষদের ডীন নির্বাচনে শিক্ষকদের সরকার বিরোধী সাদা দল ৪টি অনুষদ এবং সরকার সমর্থক নীল দল ৩টি অনুষদে বিজয়ী হয়েছে। গতকাল অনুষ্ঠিত এ নির্বাচনে সাদা দলের প্রার্থীরা সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদ, বিজ্ঞান অনুষদ ও জীববিজ্ঞান অনুষদে এবং নীল দলের প্রার্থীরা কলা অনুষদ ও বাণিজ্য অনুষদে জয়ী হয়েছেন। ফার্মেসী অনুষদে নীল দলের প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। শিক্ষকদের বাম ও মধ্যপন্থী গোলাপী দল ৩টি অনুষদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করলেও কোন অনুষদেই জিততে পারেনি। নির্বাচিত জনগণ আগামী দু'বছর অনুষদ প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন। বেশ কিছুদিন পর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একটি নির্বাচনে বিএনপি ও জামায়াত সমর্থক শিক্ষকদের সাদা দল জয়ী হলো।

কলা অনুষদে ডীন নির্বাচিত হয়েছেন নীল দলের প্রার্থী ইতিহাস বিভাগের প্রফেসর ডঃ কাজী শহীদুল্লাহ । তিনি পেয়েছেন ৭৬ ভোট । তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন বিদায়ী ডীন গোলাপী দলের প্রার্থী দর্শন বিভাগের প্রফেসর আমিনুল ইসলাম। তিনি পান ৬৫ ভোট। সাদা দলের প্রার্থী গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রফেসর মোঃ তৌহিদুল আনোয়ার পেয়েছেন ৩৪ ভোট।

সামাজিক বিজ্ঞান অনুষদে ডীন নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রার্থী লোক প্রশাসন বিভাগের প্রফেসর ও বর্তমান ডীন মোঃ আসাদুজ্জামন। তিনি পেয়েছেন ৫০ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নীল দলের প্রার্থী প্রফেসর গিয়াসউদ্দিন আহমদ পান ৩৩ ভোট। গোলাপী দলের প্রার্থী প্রাক্তন ডীন প্রফেসর একে আনোয়ার উদ্দীন আহমদ ২৭ ভোট।

এবং নির্বাচনে একমাত্র স্বতন্ত্র প্রার্থী আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রফেসর আকমল হোসেন পান ১০ ভোট। বাণিজ্য অনুষদে ডীন নির্বাচিত হয়েছেন নীল দলের প্রার্থী হিসাব বিজ্ঞান বিভাগের প্রফেসর আবুল হাশেম। তিনি পেয়েছেন ৫৩ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা দলের প্রার্থী বর্তমান ডীন প্রফেসর মঈনুদ্দীন খান পান ৩৩ ভোট। গোলাপী দলের প্রার্থী প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ পান ১৯ ভোট। ১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## ঢাকা ভার্সিটির ডীন

প্রথম পৃষ্ঠার পর

আইন অনুষদে ডীন নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রার্থী বর্তমান ডীন প্রফেসর এ. এরশাদুল বারী। তিনি পেয়েছেন ৯ ভোট। প্রফেসর এরশাদুল বারী এ নিয়ে একটানা চতুর্থ বারের মতো ডীন নির্বাচিত হলেন। এটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাজনীতিতে একটি গুরুত্বপূর্ণ ঘটনা। এবারের নির্বাচনে তার প্রতিদ্বন্দ্বী প্রফেসর নূরুল হক পেয়েছেন ৬ ভোট।

বিজ্ঞান অনুষদে ডীন নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রার্থী, বর্তমান ডীন প্রফেসর মোঃ শফি চৌধুরী। তিনি পেয়েছেন ৯৯ ভোট। তার প্রতিদ্বন্দ্বী নীল দলের প্রার্থী প্রফেসর মাহতাব উদ্দীন আহমদ পেয়েছেন ৮৯ ভোট।

জীববিজ্ঞান অনুষদে ডীন নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রার্থী অনু জীববিজ্ঞান বিভাগের প্রফেসর একেএম সিরাজুল ইসলাম খান। তিনি পেয়েছেন ৯১ ভোট। তার প্রতিদ্বন্দ্বী নীল দলের প্রার্থী শম ইমামুল হক পান ৮৬ ভোট। ফার্মেসী অনুষদে সাদা দল কোন প্রার্থী দেয়নি। নীল দলের প্রার্থী প্রফেসর মুনীর উদ্দীন আহমদ বিনা প্রতিদ্বন্দ্বিতায় ডীন নির্বাচিত হন। এই অনুষদে বিগত নির্বাচনে সাদা দলের প্রার্থী প্রফেসর নূরুন্নাহার রহমান ও নীল দলের প্রার্থী বর্তমান ভাইস চ্যান্সেলর প্রফেসর একে আজাদ চৌধুরী সমানসংখ্যক ভোট পেয়েছিলেন। পরে টসে জিতে প্রফেসর আজাদ চৌধুরী ডীন নির্বাচিত হন।

গতকাল সকাল ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত টিএসসিতে এ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর শামসুল হক নির্বাচন পরিচালনা করেন. বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ৮শ' ৪০ জন নিজ নিজ অনুষদে ডীন নির্বাচনের জন্য ভোট দেন।